



নতুন ধরনের উন্নয়ন

আমাদের সময়

০৫-১১-২০২৪, পৃষ্ঠা- অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে গ্লোবাল মিডিয়া লিটারেসি সপ্তাহ উদযাপিত



নানান আয়োজনে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি সপ্তাহ উদযাপন করা হয়েছে। ৩১ অক্টোবর থেকে ০৪ নভেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগ এবং ইউনেস্কো ঢাকা অফিস যৌথভাবে এই সপ্তাহ উদযাপন করছে।

সপ্তাহব্যাপী অনুষ্ঠানের মধ্যে ছিল ক্যাম্পাসে এবং অনলাইন প্ল্যাটফর্মে মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি বৃদ্ধির জন্য সচেতনতা তৈরি, প্রচারণা, ব্যালি, সেমিনার ইত্যাদি।

বিভিন্ন সেশনে ভাগ করা এসব অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা অধ্যাপক, ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, ট্রাস্টি বোর্ড সদস্য ড. খলিলুর রহমান, উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক, ইউনেস্কো কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ড. সূজান ভাইজ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান, অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন, অধ্যাপক ড. দিলারা বেগম এবং ইউনেস্কো ঢাকা অফিসের কমিউনিকেশন এন্ড ইনফরমেশন বিভাগের প্রধান, নূরে জাম্মাত প্রমা।

অতিথিবৃন্দ তাদের বক্তৃতায়, আমাদের চারপাশের ডিজিটাল স্পেসে ছাড়িয়ে থাকা তথ্য সমুদ্র থেকে মিথ্যা তথ্য, ভুয়া তথ্য, অপ তথ্য থেকে নিজের দরকারি সঠিক তথ্য খুঁজে পেতে মিডিয়া লিটারেসির ওপর জোর দিতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।